51

দৈনিক বাংলা

তারিখ 27 SEP 1995
পৃষ্ঠা 6 কলাম 5

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## প্রধানমন্ত্রীর কার্যালয়

### পুরাতন সংসদ ভবন

ঢাকা।

পত্র সংখ্যা-৪২.১০.২৩.০.০.১১.৯৫ তারিখ ঃ ১৯-৯-৯৫ইং/০৪-৬-১৪০২বাং

## বিজ্ঞপ্তি

প্রধানমন্ত্রীর গবেষণা ও উচ্চশিক্ষা সহায়তা তহবিল কর্মসূচীর আওতায় দেশের দারিদ্র্য নিরসনে নিজস্ব কৌশল অবলম্বন এবং প্রযুক্তিগত উৎকর্ষ সাধনের লক্ষ্যে দেশের অভ্যন্তরে অবস্থিত বিশ্ববিদ্যালয়সমূহ ও গবেষণা প্রতিষ্ঠানে নিম্নোক্ত বিষয়ে উচ্চতর গবেষণা তথা এমফিল/পিএইচডি ডিগ্রীর জন্য বৃত্তি প্রদানের উদ্দেশ্যে বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে ঃ

(ক) অর্থনীতি/সমাজ বিজ্ঞান
(খ) জীব ও চিকিৎসা বিজ্ঞান/কমিউনিটি মেডিসিন
(গ) প্রকৌশল ও কম্পিউটার বিজ্ঞান
(ঘ) খাদ্য ও কৃষি বিজ্ঞান।

২। পিএইচডি/পিএইচডি ডিগ্রীর লক্ষ্যে এমফিল (এমফিল লিডিং টু পিএইচডি) কোর্সের জন্য ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা এমএসসি, এমএ, এমএসএস, বিএসসি (প্রকৌশল), এমবিবিএস, এমএসসি (কৃষি) অথবা কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে সমমানের ডিগ্রী। বিজ্ঞান/প্রকৌশল/চিকিৎসা/কৃষি বিজ্ঞান বিষয়ে শিক্ষার সকল স্তরে ১ম বিভাগে উত্তীর্ণ হতে হবে। অর্থনীতি/সমাজ বিজ্ঞান বিষয়ে স্নাতক ও স্নাতকোত্তরসহ শিক্ষার ৩টি স্তরে ১ম বিভাগ/শ্রেণী হতে হবে এবং এসএসসি/এইচএসসির যে কোন একটিতে ২য় বিভাগ গ্রহণযোগ্য।

৩। সরকারী/আধাসরকারী প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। আবেদনকারী সার্বক্ষণিক গবেষণা করার জন্য ছুটি/শিক্ষা ছুটি পাওয়ার যোগ্য কিনা সে বিষয়ে তাঁর নিয়োগকারী কর্তৃপক্ষের সনদপত্র প্রদান করতে হবে। প্রার্থীর বয়সসীমা অনূর্ধ্ব ৩০ বছর, তবে চাকরিরত প্রার্থীদের বেলায় বয়সসীমা ৩৫ বছর পর্যন্ত শিথিলযোগ্য।

৪। গবেষণার মেয়াদ সাধারণত তিন বছরের এবং নিম্নে বর্ণিত ক্রমভিত্তিক হারে বৃত্তি প্রদান করা হবে ঃ

(ক) ১ম বছর প্রতিমাসে ৪০০০/- টাকা।
(খ) ২য় বছর প্রতিমাসে ৫০০০/- টাকা।
(গ) ৩য় বছর প্রতিমাসে ৬০০০/- টাকা।

উপাত্ত সংগ্রহ, বই-পুস্তক ক্রয় ও থিসিস মুদ্রণ/টাইপের জন্য গবেষণার ক্ষেত্র অনুযায়ী এককালীন অনুদান প্রদান করা হবে।

৫। আবেদনপত্রের ফরম (মূল্য ১০.০০ টাকা) এবং এতদসংক্রান্ত নীতিমালা সকল বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, ইপসা, আইপিজিএমআর, আণবিক শক্তি কমিশন, বিসিএসআইআর, বিআইডিএস, বাংলাদেশ মেডিক্যাল ও ডেন্টাল কাউন্সিল এবং বিআইটিসমূহের প্রধানদের নিকট হতে সংগ্রহ করা যাবে।

৬। প্রধানমন্ত্রীর গবেষণা ও উচ্চশিক্ষা সহায়তা তহবিল-এর নামে ১০.০০ টাকার পোস্টাল অর্ডার এবং প্রয়োজনীয় ডাক টিকেটসহ ঠিকানাযুক্ত বড় আকারের খাম প্রেরণ করে প্রধানমন্ত্রীর কার্যালয় হতেও ফরম ডাকযোগে সংগ্রহ করা যাবে।

৭। আবেদনকারীকে সম্প্রতি তোলা ২ কপি পাসপোর্ট সাইজের ছবি, শিক্ষাগত যোগ্যতার সার্টিফিকেট ও মার্কশীটসমূহের সত্যায়িত কপিসহ আবেদনপত্র রেজিস্ট্রীকৃত ডাকযোগে অথবা সরাসরি আগামী ৩১শে অক্টোবর, ১৯৯৫ ইং তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট পৌঁছাতে হবে। শিক্ষাগত যোগ্যতার মূল সার্টিফিকেট ও মার্কশীটসমূহ সাক্ষাৎকার গ্রহণকালে প্রদর্শন করতে হবে।

**মোঃ শামসুল হক**
পরিচালক
ফোন ঃ ৮১১৩০৫।

ডিএফপি-২৩০১৪-২৩/৯
জি-৯৩৪১(৮X৩)